# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমামের আগে রুকূ‘ ও সাজদা করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يُبَادَرَ الْمَأْمُومُ الْإِمَامَ في الركوع والسجود

আরবী

2226 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدٍ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنِي أَبِي قَالَ: حَدَّثَنَا ابْنُ عَجْلَانَ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ حبَّان عن ابن مُحيريز عَنْ مُعَاوِيَةَ بْنِ أَبِي سُفْيَانَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (لا تُبَادِرُونِي بِالرُّكُوعِ وَالسُّجُودِ فَإِنِّي مَهْمَا أَسْبِقْكُمْ بِهِ إِذَا رَكَعْتُ تُدْرِكُونِي بِهِ إِذَا سَجَدْتُ وَمَهْمَا أَسْبِقْكُمْ بِهِ إِذَا سَجَدْتُ تُدْرِكُونِي بِهِ إِذَا رفعت إني قد بَدَّنْتُ)
الراوي : مُعَاوِيَة بْن أَبِي سُفْيَانَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2226 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((صحيح أبي داود)) (630).

বাংলা

২২২৬. মু‘আবিয়া বিন আবূ সুফিয়ান রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা আমার আগে রুকূ‘ ও সাজদা করার চেষ্টা করবে না। কেননা যখন আমি রুকূ‘ করি, যত আগেই রুকূ‘ করি না কেন, তোমরা আমাকে সেই সময়ে পাবে, যখন আমি সাজদা করবো। যখন আমি সাজদা করি, যত আগেই সাজদা করি না কেন, তোমরা আমাকে সেই সময়ে পাবে, যখন আমি সাজদা থেকে মাথা উত্তলন করবো। নিশ্চয়ই আমার শরীরের ওজন বেড়ে গেছে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৯২; আবূ দাঊদ: ৬১৯; ইবনু মাজাহ: ৯৬৩; ইবনুল জারূদ, আল মুনতাকা: ৩২৪; বাগাবী: ৮৪৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৯৪; হুমাইদী: ৬০৩; তাবারানী: ১৯/৮৬২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৩০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু‘আবিয়াহ ইবন আবূ সুফিয়ান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91544

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন